


বিজ্ঞপ্তি

বিষয়: Masters/ Part time-Masters in Procurement/MCIPS এর দরখাস্ত আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নদী গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন “নদী গবেষণা ইনস্টিটিউট এর প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি (ফেজ-২)” প্রকল্পের আওতায় নদী গবেষণা ইনস্টিটিউট হইতে সংযুক্তি-১ এর ক্রমিক নং-১ এ ২ জন Masters এবং ক্রমিক নং-২ এ ১ জন Part time-Masters in Procurement/MCIPS এ অধ্যয়নের সুযোগ রয়েছে এবং Masters এবং Part time-Masters কোর্স বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত সকল ব্যয়ভার প্রকল্প হতে বহন করা হবে। তবে ডিপিপি অনুযায়ী শর্ত রয়েছে যে, ‘কোর্স শেষে সনদ জমা দিতে না পারলে সমুদয় অর্থ ফেরৎ প্রদান করতে হবে।’

০২। বর্ণিত প্রেক্ষিতে, সংযুক্তি-১ মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাদের মধ্যে যাদের চাকুরী স্থায়ী হয়েছে ও বয়স ৪৫ এর অধিক নয় এমন আগ্রহী প্রার্থীদের সংযুক্ত ফরমে (সংযুক্তি-২ মোতাবেক) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ১০ মে, ২০১৮খ্রি: বিকাল ৫:০০ ঘটিকায় মধ্যে আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এই বিজ্ঞপ্তি প্রচারে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।



৩০/৪/১৮

(ড. মনিরুজ্জামান খান ইউসুফজাই)

প্রকল্প পরিচালক

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি (ফেজ-২)

নগই, ফরিদপুর

স্মারক নং- নগই/ প্রাঃ উন্নয়ন/১৩১২/ ২০১৮/২৪৩৭

তারিখ : ৩০-০৪-১৮খ্রিঃ

অনুলিপি :

- ১। মহা পরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট, ফরিদপুর
- ২। পরিচালক, প্রশাসন ও অর্থ/জিঃ আরঃ/ হাঃ রিঃ, নগই, ফরিদপুর।
- ৩। নোটিশ বোর্ড/ওয়েব পেজ, নগই, ফরিদপুর।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি